বুলবুল তাণ্ডবে ১০ জনের মৃত্যু

ডেস্ক রিপোর্ট :

ঘূর্ণিঝড় ‘বুলবুল’র তাণ্ডবে খুলনা, বরিশাল, পটুয়াখালী, বরগুনা, পিরোজপুর, বাগেরহাট, গোপালগঞ্জ, শরীয়তপুর ও মাদারীপুরে ১০ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে।

শনিবার মধ্যরাত থেকে রোববার বিকেল পর্যন্ত এ মৃত্যুর ঘটনা ঘটে।

খুলনার উপকূলীয় দাকোপ উপজেলায় প্রমিলা মণ্ডল (৫২) নামে এক নারী ঝড়ের সময় গাছ চাপা পড়ে নিহত হয়েছেন। রোববার সকাল ১০টার দিকে দক্ষিণ দাকোপে এ ঘটনা ঘটে। নিহত প্রমিলা সুভাস মণ্ডলের স্ত্রী। এছাড়া খুলনার দিঘলিয়া উপজেলায় সেনহাটি গ্রামে আলমগীর হোসেন (৩৫) নামে এক যুবক গাছচাপা পড়ে নিহত হয়েছেন।

বরিশাল

বরিশালের উজিরপুর উপজেলায় ঘূর্ণিঝড় ‘বুলবুল’র আঘাতে ঘরচাপা পড়ে আশালতা মজুমদার (৬৫) নামে এক বৃদ্ধা মারা যান। রোববার বিকেল ৩টার দিকে এ ঘটনা ঘটে। বৃদ্ধা আশালতা উজিরপুর পৌর এলাকার এক নম্বর ওয়ার্ডের দক্ষিণ মাদারসী এলাকার বাসিন্দা।

পটুয়াখালী

পটুয়াখালীর মির্জাগঞ্জের উত্তর রামপুরা গ্রামে হামেদ ফকির (৬৫) নামে এক বৃদ্ধ নিহত হয়েছেন। পটুয়াখালীর মির্জাগঞ্জের মাধবখালী ইউনিয়নের উত্তর রামপুর গ্রামে ঘর চাপা পড়ে তার মৃত্যু হয়। শনিবার রাত সাড়ে ৩টার দিকে একটি গাছ ভেঙে ঘরের উপর পরলে ঘরের চাপায় ঘটনাস্থলেই তিনি মারা যান।

বরগুনা

ঘূর্ণিঝড় ‘বুলবুল’ এর কারণে বরগুনা সদর উপজেলার এম বালিয়াতলী ইউনিয়নের ডিএন কলেজে আশ্রয় নিতে আসা হালিমা খাতুন নামে এক নারীর মৃত্যু হয়েছে। শনিবার রাতে তার মৃত্যু হয়।

জানা গেছে, হালিমা খাতুন অসুস্থতার কারণে মারা গেছেন। এম বালিয়াতলী ইউনিয়নের চেয়ারম্যান শাহনেওয়াজ জানান, হালিমা খাতুন

আগে থেকেই অসুস্থ ছিলেন।

বাগেরহাট

ঘূর্ণিঝড় ’বুলবুল’র আঘাতে ঘরের উপর গাছ পড়ে সামিয়া খাতুন (১৫) নামের এক কিশোরী মৃত্যু হয়েছে। রোববার সকালে এ ঘটনা ঘটে। নিহত সামিয়ার বাড়ি রামপাল উপজেলার ভরসাপুর গ্রামে।

পিরোজপুর

পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলার মালিখালী ইউনিয়নের লড়া গ্রামে ঘরের উপর গাছ চাপা পড়ে ননী গোপাল মণ্ডল (৬৫) নামে এক বৃদ্ধ মারা যান। রোববার দুপুরে এ ঘটনা ঘটে। এতে গুরুত্বর আহত হয় একই পরিবারের সুমী (৮) ও নাসির (১৬) নামে দুই শিশু।

মাদারীপুর

মাদারীপুরে ঘূর্ণিঝড় ‘বুলবুল’র প্রভাবে ঘরের টিনের চালা পড়ে সালেহা বেগম (৫০) নামে এক গৃহবধুর মৃত্যু হয়েছে। রোববার দুপুরে ঘটকচর এলাকায় এ ঘটনা ঘটে।

গোপালগঞ্জ

গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলায় ঘূর্ণিঝড় বুলবুলের তাণ্ডবে শতাধিক ঘরবাড়ি বিধ্বস্ত হয়েছে। হাজার হাজার গাছপালা উপড়ে গেছে। ঝড়ের সময় গাছ চাপা পড়ে সেকেল হাওলাদার (৭০) নামে এক বৃদ্ধ নিহত হয়েছেন। নিহত সেকেল হাওলাদার উপজেলার বান্ধাবাড়ি গ্রামের মৃত হাসান উদ্দিন হাওলাদারের ছেলে।

শরীয়তপুর

শরীয়তপুরের নড়িয়া উপজেলায় ঘূর্ণিঝড় বুলবুলের তাণ্ডবে ভেঙে পড়া গাছ চাপায় মো. আলীবক্স ছৈয়াল (৬৮) নামে এক বৃদ্ধ নিহত হয়েছেন। রোববার দুপুর আড়াইটার দিকে উপজেলার ডিঙ্গামানিক ইউনিয়নের দেওজুড়ি এলাকায় এ ঘটনা ঘটে।

এদিকে ঘূর্ণিঝড় বুলবুলের তান্ডবে ক্ষতিগ্রস্ত এলাকায় জরুরি ত্রাণসামগ্রী বিতরণ, চিকিৎসাসেবা ও উদ্ধার কার্যক্রম শুরু করেছে কোস্টগার্ড।

কোস্টগার্ড সদর দফতরের মিডিয়া কর্মকর্তা লে. বিএন এম হায়াত ইবনে